# আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ১৭

## আরবি মূল আয়াত:

ثُمَّ نُتۡبِعُهُمُ الۡاٰخِرِیۡنَ ﴿۱۷﴾

## অনুবাদসমূহ:

তারপর পরবর্তীদেরকে তাদের অনুসারী বানাই। — আল-বায়ান

অতঃপর পরবর্তী লোকেদেরকেও আমি তাদের অনুগামী করব। — তাইসিরুল

অতঃপর আমি পরবর্তীদেরকে তাদের অনুগামী করব। — মুজিবুর রহমান

Then We will follow them with the later ones. — Sahih International

### ১৭. তারপর আমরা পরবর্তীদেরকে তাদের অনুগামী করব।(১)

(১) এটা আখেরাতের স্বপক্ষে ঐতিহাসিক প্রমাণ। এতে বর্তমান লোকদেরকে অতীত লোকদের অবস্থা থেকে শিক্ষা গ্রহণ করতে বলা হয়েছে। আদ, সামুদ, কাওমে লুত, কাওমে-ফিরআউন ইত্যাদিকে আল্লাহ ধ্বংস করেছেন। সে ধারাবাহিকতায় মক্কার কাফেরদেরকেও তিনি ধ্বংস করবেন। [দেখুন: তাবারী; ফাতহুল কাদীর] এই আযাব বদর, ওহুদ প্রভৃতি যুদ্ধে তাদের উপর পতিত হয়েছে। আর যদি দুনিয়াতে সে আযাব নাও আসে, আখেরাতে তা অবশ্যই আসবে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### (১৭) অতঃপর আমি পরবর্তীদেরকে তাদের অনুগামী করব। [1]

[1] অর্থাৎ, মক্কার কাফের এবং তাদের মত যারা রসূল (সাঃ)-কে অবিশ্বাস করেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5639

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন